গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০০৯.১৯- ৮১৫৪ তারিখ:- ২৯/৭/২০১৯ খ্রিঃ

**"নিয়োগ বিজ্ঞপ্তি"**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্তে উল্লিখিত শর্তাবলি ও যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত/আবেদন আহ্বান করা যাচ্ছে:-

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জা,বে, স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ড্রাইভার (অবিবাহিত)<br>৯৭০০-২৩৪৯০/-<br>গ্রেড-১৫ | ১১১ (একশত এগারো)টি | ক) কমপক্ষে ৮ম শ্রেণি পাস।<br>খ) ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী।<br>গ) শারীরিক যোগ্যতাঃ-উচ্চতাঃ- ৫ ফুট ৪ ইঞ্চি ন্যূনতম।<br>বুকঃ- ৩২ ইঞ্চি ন্যূনতম।<br>ওজনঃ- ১১০ পাউন্ড ন্যূনতম।<br>ঘ) ত্রুটিমুক্ত শারীরিক গঠন। | সকল জেলা |
| | সর্বমোট= | ১১১ (একশত এগারো)টি | | |

**দরখাস্ত/আবেদনের শর্তাবলিঃ**

১. **প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক।**

২. আবেদনকারী নির্ধারিত ফরমে **কম্পিউটার কম্পোজ করে প্রার্থীর নিজ হাতে স্বাক্ষরসহ** আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের ফরম ও প্রবেশ পত্রের নমুনা কপি বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে (www.fireservice.gov.bd) পাওয়া যাবে।

৩. আবেদনকারীর **বয়স ০১/০৮/২০১৯ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।** কিন্তু মুক্তিযোদ্ধা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না (বয়সের প্রমাণ হিসেবে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (বাধ্যতামূলক) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে)।

৪. পূরণকৃত আবেদন ফরমের সাথে সম্প্রতি তোলা ৫ সেমিঃ × ৫ সেমিঃ সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি এবং প্রবেশপত্রের সাথে ০১ (এক) কপি রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে।

৫. পরীক্ষার ফি বাবদ ১০০/- (এক শত) টাকা (অফেরতযোগ্য) **মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে ১-৭৩৬১-০০০০-২০৩১ কোড নম্বরে ট্রেজারি চালানের মাধ্যমে {বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে (ট্রেজারি শাখায়)} জমা করে ট্রেজারি চালানের মূল কপি** ( পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং **বৈধ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি** আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. পূরণকৃত আবেদন ফরম ও প্রবেশপত্রের কপি (ছবিসহ), পরীক্ষার ফি বাবদ জমাকৃত ট্রেজারি চালানের মূলকপি, বৈধ ড্রাইভিং লাইসেন্স এর মূলকপি এবং জাতীয় পরিচয়পত্রসহ **আগামী ০৪/০৯/২০১৯ তারিখ রোজ বুধবার সকাল ৮.০০টায়** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স মাঠ, পূর্বাচল, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ (কুড়িল বিশ্বরোড হতে আনুমানিক ৫ থেকে ৭ কিঃমিঃ পূর্ব দিকে, ৩০০ ফুট রাস্তা সংলগ্ন, নীলা মার্কেটের বিপরীতে) এ উপস্থিত হতে হবে। ড্রাইভিং লাইসেন্স ও কাগজপত্র যাচাইয়ে সঠিক হলে শারীরিক যোগ্যতা যাচাই ও গ্যারেজ টেস্ট পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র গ্যারেজ টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে রোড টেস্টে অংশগ্রহণের অনুমতি পত্র প্রদান করা হবে।

৭. মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূলকপি ( **ড্রাইভিং লাইসেন্স, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ**, বয়স প্রমাণের জন্য **জাতীয় পরিচয়পত্র**, পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক **নাগরিকত্ব সনদ ও অবিবাহিত সনদ** , মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে **মুক্তিযোদ্ধার সাময়িক সনদ, গেজেট, মুক্তিবার্তা, মুক্তিযোদ্ধা সংসদের সনদ**, পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান **কর্তৃক প্রত্যয়ন পত্র** এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে **যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র** ) প্রদর্শন করতে হবে এবং ৫ সেমিঃ × ৫ সেমিঃ সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি, **১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ পত্রসহ** সকল সনদ বা প্রমাণ পত্রের ০১(এক) সেট ফটোকপি **(১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে )** জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্বলিত সীল থাকতে হবে।

৮. অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯. সরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি স্বাপেক্ষে আবেদন করতে হবে এবং তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

১০. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে ( স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য তথ্য, কোটা প্রমাণের তথ্যাদি) চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. নিয়োগপ্রাপ্তগণ ডাক্তারি স্বাস্থ্য পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে/ডোপিং টেস্ট রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১২. নিয়োগের ক্ষেত্রে চলমান সরকারি বিধি এবং নিয়োগ বিধি মোতাবেক সকল কোটা অনুসরণপূর্বক নিয়োগ করা হবে।

১৩. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

২৯/৭/১৯
মোঃ হাবিবুর রহমান
পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি

## চাকরির আবেদন ফরম

বরাবর,
মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর,
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।

সম্প্রতি তোলা
৫×৫ সে.মি সাইজের
রঙিন ছবি (০৪ কপি)

**বিষয়: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ড্রাইভার পদে চাকরির জন্য আবেদন।**

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বরঃ | তারিখঃ | |
| ৩. | প্রার্থীর নামঃ | বাংলাঃ | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে): | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বরঃ | | |
| ৫. | জন্ম তারিখঃ | | ৬. জন্ম স্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস দিন |
| ৮. | মাতার নামঃ | | |
| ৯. | পিতার নামঃ | | |

| | ঠিকানাঃ | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্টকোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগঃ মোবাইল/টেলিফোন নম্বরঃ | | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তাঃ | ১৩. | জেন্ডার/লিঙ্গঃ |
| ১৪. | ধর্মঃ | ১৫. | বৈবাহিক অবস্থাঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান নম্বরঃ | | তারিখঃ | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**প্রবেশপত্র**

সম্প্রতি তোলা ৫× ৫ সে.মি সাইজের রঙিন ছবি(০১ কপি)

রোল নং :
(অফিস কর্তৃক পূরনীয়)

প্রার্থীর নাম :

পিতার নাম :

স্থায়ী ঠিকানা : বাসা/সড়ক :

গ্রাম/পাড়া/মহল্লা:

ডাকঘর :

থানা/উপজেলা :

জেলা :

বিষয়ঃ রোড টেস্ট-এ অংশগ্রহণের অনুমতি পত্র।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ড্রাইভার পদে আপনার আবেদন সঠিক বিবেচিত হওয়ায় এবং গ্যারেজ টেস্টে উত্তীর্ণ হওয়ায় রোড টেস্ট-এ অংশগ্রহণের জন্য আপনাকে নির্বাচিত করা হলো। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণের লক্ষ্যে যথাসময়ে নিম্নোক্ত স্থানে হাজির হওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হলো। এ জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

রোড টেস্ট-এ অংশগ্রহণের স্থান, তারিখ ও সময়
(অফিস কর্তৃক পূরণীয়)

(কর্তৃপক্ষের সীল ও স্বাক্ষর)

ফাসাওসিডি/প্রবেশপত্র/২০১৯